

# সকল সরকারি এবং বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রি-সী রেটিং প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি



## সমুদ্রগামী জাহাজে রেটিং হিসেবে যোগদানের জন্য প্রশিক্ষণ গ্রহণ করুন

নিম্নবর্ণিত মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০২৩ (শীতকালীন) প্রি-সী নাবিক (রেটিং) কোর্সে ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে

- ১। ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-৭৫, ইঞ্জিন-৫০, স্টুয়ার্ড-২০, কুক-২০, ফিটার-কাম-ওয়েল্ডার-২০, ইলেকট্রিশিয়ান-১৫ জন = ২০০ জন।
- ২। ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, মাদারীপুর। আসন সংখ্যাঃ ডেক-২৫, ইঞ্জিন-২০, স্টুয়ার্ড-১৫, কুক-১৫, ফিটার-কাম-ওয়েল্ডার-১৫, ইলেকট্রিশিয়ান-১০ জন = ১০০ জন।
- ৩। ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, ঢাকা। আসন সংখ্যাঃ ডেক-২৫, ইঞ্জিন- ১৫, স্টুয়ার্ড-১৫, কুক-৫, ফিটার-কাম-ওয়েল্ডার-৫, ইলেকট্রিশিয়ান-৫ জন = ৭০ জন।
- ৪। মাস মেরিন একাডেমি, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-৩০, ইঞ্জিন-৩০, স্টুয়ার্ড-২০, কুক-১০, ফিটার-কাম-ওয়েল্ডার- ১০ জন = ১০০ জন।
- ৫। ইন্টারন্যাশনাল মেরিটাইম ট্রেনিং একাডেমি, ঢাকা। আসন সংখ্যাঃ ডেক-৪০, স্টুয়ার্ড-২৫, কুক- ১০, ফিটার-কাম-ওয়েল্ডার-২৫ জন = ১০০ জন।
- ৬। ওশেন মেরিটাইম একাডেমি, চট্টগ্রাম। আসন সংখ্যাঃ ডেক-৫৫, ইঞ্জিন- ১৫, স্টুয়ার্ড- ১৫, কুক- ২০ জন = ১০৫ জন।
- ৭। ওয়ার্ল্ড মেরিটাইম ইনস্টিটিউট, ঢাকা। আসন সংখ্যাঃ ডেক-২৫, ইঞ্জিন-১৫, কুক-১০ জন = ৫০ জন।  
বিঃদ্রঃ প্রয়োজনীয়তা বিবেচনা করে সরকার আসন সংখ্যা কম/বেশি করতে পারে।

### আবেদনের যোগ্যতাঃ

(ক) বয়সঃ ১৬-০২-২০২৩ ইং তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৬ হতে ২৫ বছর, ডিপ্লোমাধারী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ২০ হতে ৩৫ বছর এবং নৌবাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ২৫ হতে ৪৫ বছর। প্রার্থীর এসএসসি/সমমান সনদে রেকর্ডকৃত বয়স বিবেচনা করা হবে। বয়স সম্পর্কিত অন্য কোন সনদ কিংবা হলফনামা গ্রহণ করা হবে না।

(খ) আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা (যে কোন একটি হ্রুপে আবেদন করতে পারবে)ঃ

ডেক, ইঞ্জিন, স্টুয়ার্ড ও কুক নাবিক (গ্রুপ-১)ঃ ন্যূনতম এসএসসি, জিপিএ সর্বনিম্ন ২.৫ অথবা সমমানের।  
ইলেকট্রিশিয়ান নাবিক (গ্রুপ-২)ঃ সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা অথবা ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছরের ট্রেড কোর্স অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশ নৌবাহিনীর ইলেকট্রিক্যাল ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসরপ্রাপ্ত নাবিকদের মধ্যে ন্যূনতম নেভি ইলেকট্রিক্যাল ওয়ার্কশপে ৬ (ছয়) মাসের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন।

ফিটার-কাম-ওয়েল্ডার নাবিক (গ্রুপ-৩)ঃ সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/মেকানিক্যাল/পাওয়ার/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং/শিপ বিল্ডিং এ ডিপ্লোমা পাশ অথবা ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ অথবা ন্যূনতম এসএসসি/সমমানসহ বিটাক বা সমমানের প্রতিষ্ঠান থেকে ওয়েল্ডিং অথবা মেশিনশপে ৩ মাসের প্রশিক্ষণ।

আবেদন করতে ভিজিট করুনঃ [www.dos.gov.bd](http://www.dos.gov.bd)

উচ্চতাঃ ন্যূনতম ৫' ২"

ওজনঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থার BMI চার্ট মোতাবেক BMI ন্যূনতম ১৭ এবং সর্বোচ্চ ২৭।

যেমন উচ্চতা ৫' ২" এর ক্ষেত্রে ৪২-৬৭ কেজি।

দৃষ্টিশক্তিঃ ডেক রেটিংদের জন্য দুই চোখ ৬/৬ এবং অন্যান্য রেটিংদের জন্য দুই চোখ কমপক্ষে ৬/১২ এবং সকল নাবিককে বর্ণান্ধতামুক্ত (কালার ব্লাইন্ডনেস) হতে হবে।

### কোটাঃ

(ক) সিডিসিধারী (মৃত, অবসরপ্রাপ্ত বা কর্মরত) নাবিকদের সন্তানের জন্য অনধিক ৫% কোটা সংরক্ষিত থাকবে। নাবিক সন্তান কোটা পূর্ণ না হলে সেক্ষেত্রে অবশিষ্ট আসন মেধার ভিত্তিতে পূরণ করা হবে।

(খ) দক্ষ প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচনে নৌবাহিনীর নাবিক শাখার প্রাক্তন নৌ-সেনাদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে। নৌবাহিনীর কোটা পূর্ণ না হলে সে স্থলে মেধার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের মধ্য থেকে নির্বাচন করা হবে।

### চূড়ান্ত নির্বাচন পদ্ধতির ধাপসমূহঃ

(ক) এস.এস.সি/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মূল্যায়ন করা হবে।

এস.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২০ গুণ = ১০০ নম্বর (সর্বোচ্চ);

ভর্তি পরীক্ষার পদ্ধতিঃ নৈর্ভুক্তিক (MCQ) পদ্ধতিতে মোট ১০০ টি প্রশ্ন থাকবে।

প্রশ্নগুলোর বিষয় ভিত্তিক নম্বর বিভাজন নিম্নরূপঃ-

গণিত-৩০, ইংরেজী-৩৫, বাংলাদেশ ও সাধারণ জ্ঞান-৩৫

(খ) ভর্তি পরীক্ষার পাশ নম্বর ৪০%।

(গ) পরীক্ষার সময়, ৯০ মিনিট।

### প্রশিক্ষণঃ

চূড়ান্তভাবে মনোনীত নাবিকগণ বিভিন্ন সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ শেষে সনদপ্রাপ্ত হবেন।

### অনলাইনে আবেদন পদ্ধতিঃ

নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট ([dos.gov.bd](http://dos.gov.bd)) এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে।

আবেদনের নির্দেশিকা বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।

আবেদন ফি ৩৫০/- (সকল সার্ভিস চার্জ সহ)।

প্রয়োজনে যোগাযোগ : ০১৮১০০০১১৯০, ০১৮১৫৩৩০৫৯৭।

আবেদন ও লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্রঃ

লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র পরবর্তীতে মোবাইলে এসএমএস/ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।

আবেদনের শেষ তারিখঃ

১৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

বিশেষ নির্দেশনাঃ

সরকারি মেরিটাইম ইনস্টিটিউট হতে পাশকৃত সকল নাবিকদের চাকরির বিষয়ে স্ব স্ব ইনস্টিটিউট সকল ধরনের সহযোগিতা প্রদান করবে। বেসরকারি মেরিটাইম ইনস্টিটিউট কর্তৃপক্ষ নাবিকদের জাহাজে চাকরি দিতে বাধ্য থাকবে। সরকারি ও বেসরকারি মেরিটাইম ইনস্টিটিউট নাবিক (রেটিং) ভর্তির ক্ষেত্রে তাদের নিজস্ব নিয়মাবলি অনুসরণ করবে এবং তাদের প্রশিক্ষণ খরচে ভিন্নতা রয়েছে।

সতর্কবাণীঃ

!!! কোন ব্যক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবী করলে নিশ্চিত জেনে রাখুন যে আপনি প্রতারিত হচ্ছেন। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে !!!

